

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৬৯
ধর্মনগর, ১০ জুলাই, ২০২৪

বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্প

কালাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আলোচনাচক্র

বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্পে আজ উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরের কালাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। কালাছড়া ব্লকের অন্তর্গত ১২টি বিদ্যালয়ের এসএমসি'র (স্কুল ম্যানেজমেন্ট কমিটি) চেয়ারম্যান, সদস্য-সদস্যগণ এই সেমিনারে অংশগ্রহণ করেন। সেমিনারের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের ওএসডি সমীর রঞ্জন নাথ। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য কল্যাণী চন্দ, বিদ্যালয়ের প্রধান শিক্ষক উত্তম কুমার বিশ্বাস, বিদ্যালয়ের অন্যান্য শিক্ষক শিক্ষিকা প্রমুখ। মেয়েদের শিক্ষা ও সুরক্ষার উপর গুরুত্ব আরোপ করে অনুষ্ঠানে বক্তব্য রাখেন অনুষ্ঠানের উদ্বোধক ও অন্যান্য অতিথিগণ।
